মাইডাস | MIDAS
Since 1982
MIDAS Centre (11th Floor), Plot-5, Road-16 (Old-27), Dhanmondi, Dhaka-1209, Bangladesh
PABX: +88 02 48120378, 9103421, 48119975, Fax: +88 02 58153580, Web: www.midas.org.bd
E-mail: midas@midas.org.bd, midasbd1982@gmail.com

প্রেস বিজ্ঞপ্তি

মাইডাস, জুন ৬ থেকে ৮, ২০২৪, রোজ বৃহস্পতি থেকে শনিবার পর্যন্ত ৩-দিন ব্যাপী 'মাইডাস এসএমই মেলা ২০২৪' এর আয়োজন করেছে। মেলাটি মাইডাস সেন্টার (১০ তলা), প্লট-৫, সড়ক-১৬ (পুরাতন ২৭), ধানমন্ডি, ঢাকাতে অনুষ্ঠিত হচ্ছে।

জুন ৬, ২০২৪ তারিখ দুপুর ১২টায় মাইডাস পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ও সাবেক চেয়ারম্যান জনাবা পারভিন মাহমুদ, এফসিএ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ব বিখ্যাত পরিব্রাজক নাজমুন নাহার, পাম-নেদারল্যান্ডস এর কান্ট্রি কো-অর্ডিনেটর আরমান আকবারী খান ও আইসিএনএল এর আইনি পরামর্শদাতা শারমিন খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও মাইডাস পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, মাইডাস-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব খাইরুল বাশার, সহকারি মহাব্যবস্থাপক জনাব মোঃ ইব্রাহিম হোসেন, উচ্চপদস্থ কর্মকর্তা, এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠান প্রতিনিধি এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

মেলায় মোট ৬১ জন নারী ও যুব উদ্যোক্তাদের অংশগ্রহণে তৈরি পোশাক, জুয়েলারি ও অন্যান্য আকর্ষণীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় হচ্ছে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

ধন্যবাদান্তে,

মোঃ খাইরুল বাশার
ব্যবস্থাপনা পরিচালক